গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামুদ্রিক মৎস্য দপ্তর
সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.marine.fisheries.gov.bd

নং ৩৩.০২.১০০০.২০২.২২.০০১.১৪.৭৮৭ তারিখ: ২২ আশ্বিন ১৪৩১ / ০৭ অক্টোবর ২০২৪

প্রাপক:
১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ মেরিন ফিশারিজ এসোসিয়েশন, সদরঘাট, চট্টগ্রাম।
২। সভাপতি/সাধারণ সম্পাদক, মেরিন হোয়াইট ফিশ ট্রলার ওনার্স এসোসিয়েশন, সদরঘাট রোড, চট্টগ্রাম।
৩। সভাপতি/সাধারণ সম্পাদক, সামুদ্রিক মৎস্য আহরণকারী বোট মালিক সমিতি, ইকবাল রোড, চট্টগ্রাম।
৪। মেসার্স/জনাব ..........................................................................।

বিষয়: প্রধান প্রজনন মৌসুমে মা-ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৪ এর সফল বাস্তবায়ন প্রসংগে।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০২ অক্টোবর ২০২৪ তারিখের ৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮.২৭২ সংখ্যক প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় মাছ ইলিশের প্রজননকে নির্বিঘ্ন ও নিরাপদ করার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মিজ্ ফরিদা আখতার এর সভাপতিত্বে গত ২২ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় টাস্কফোর্স কমিটি'র সভার সিদ্ধান্তের আলোকে আগামী ১৩ অক্টোবর হতে ০৩ নভেম্বর ২০২৪ তারিখ (২৮ আশ্বিন হতে ১৮ কার্তিক ১৪৩১) মোট ২২ (বাইশ) দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুম হিসাবে নির্ধারণ করা হয়েছে। সূত্রোক্ত প্রজ্ঞাপন দ্বারা উক্ত সময়কালে সরকার কর্তৃক "সামুদ্রিক মৎস্য আইন, ২০২০" এর ধারা-৩ এর উপধারা-২ মোতাবেক বাংলাদেশের সামুদ্রিক মৎস্য আহরণ এলাকায় সকল প্রকার মৎস্য নৌযান দ্বারা ইলিশসহ সকল প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে **(কপি সংযুক্ত)**। এ নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে একই আইনের আওতায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, সামুদ্রিক মৎস্য বিধিমালা, ২০২৩ এর বিধি ৩ এর দফা (খ) অনুযায়ী মৎস্য নৌযানগুলো নিষেধাজ্ঞা আরম্ভের পরে ২৪ ঘন্টার মধ্যে আহরিত ইলিশ অবতরণ ও সংরক্ষণ করতে পারবে।

০২। এমতাবস্থায়, প্রধান প্রজনন মৌসুমে ইলিশের অবাধ বিরচণ ও নিরাপদ অভিপ্রয়ান নিশ্চিত করার লক্ষ্যে তথা ইলিশের প্রজননকে নির্বিঘ্ন করার মাধ্যমে দেশের ইলিশ সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের লক্ষ্যে সরকারি এ উদ্যোগ বাস্তবায়নে আপনার/আপনার এসোসিয়েশভুক্ত সকলের পক্ষ হতে সর্বোচ্চ সহযোগীতা একান্তভাবে কামনা করছি।

০৭/১০/২০২৪

(মোঃ আবদুস ছাত্তার)
পরিচালক (সামুদ্রিক)
ই-মেইল: directormarine@fisheries.gov.bd

নং ৩৩.০২.১০০০.২০২.২২.০০১.১৪. তারিখ: ২২ আশ্বিন ১৪৩১ / ০৭ অক্টোবর ২০২৪

জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২) কমান্ডার, বিএন ফ্লিট, নিউমুরিং, চট্টগ্রাম।
৩) জোনাল কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড, পূর্ব জোন, ফিশ হারবার, চট্টগ্রাম।
৪) উপপ্রধান, সামুদ্রিক শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫) জেলা মৎস্য কর্মকর্তা, ..............................।
৬) উপপ্রকল্প পরিচালক, সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্প, ফিল্ড অফিস, পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম।
৭) সংশ্লিষ্ট নথি।

Rahman. 09/10/2024

(মোঃ মশিউর রহমান)
সহকারী পরিচালক
সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
ই-মেইল: moshiurdof425@gmail.com

D:\Dulal \New Folder\ Murtuja\Elish

**প্রধান প্রজনন মৌসুমে মা-ইলিশ সংরক্ষণ কার্যক্রম ২০২৪ সফল করার লক্ষ্যে সামুদ্রিক মৎস্য দপ্তর কর্তৃক করণীয় নির্ধারণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ আবদুস ছাত্তার
পরিচালক (সামুদ্রিক)

সভার স্থান : পরিচালকের অফিস কক্ষ, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম

সভার তারিখ ও সময় : ০৭/১০/২০২৩ খ্রি. বিকাল : ১৫.০০ ঘটিকা

**সভায় উপস্থিত সদস্যগণের তালিকা 'পরিশিষ্ট ক' সন্নিবেশিত করা হলো।**

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান যে, জাতীয় মাছ ইলিশের প্রজননকে নির্বিঘ্ন ও নিরাপদ করার লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মিজ্ ফরিদা আখতার এর সভাপতিত্বে গত ২২ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় টাস্কফোর্স কমিটি'র সভার সিদ্ধান্তের আলোকে সরকার আগামী ১৩ অক্টোবর হতে ০৩ নভেম্বর ২০২৪ তারিখ (২৮ আশ্বিন হতে ১৮ কার্তিক ১৪৩১) পর্যন্ত মোট ২২ (বাইশ) দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুম হিসাবে নির্ধারণ করেছে। উক্ত সময়কালে সরকার কর্তৃক "সামুদ্রিক মৎস্য আইন, ২০২০" এর ধারা-৩ এর উপধারা-২ মোতাবেক বাংলাদেশের সামুদ্রিক মৎস্য আহরণ এলাকায় সকল প্রকার মৎস্য নৌযান দ্বারা ইলিশসহ সকল প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে সামুদ্রিক মৎস্য দপ্তরের পক্ষ হতে বিগত বছরের ন্যায় এবারেও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে তিনি নির্দেশনা প্রদান করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম সঞ্চালনা করার জন্য তিনি সিনিয়র সহকারী পরিচালক জনাব মোঃ শওকত কবির চৌধুরী কে অনুরোধ করেন।

সভাপতির অনুরোধক্রমে তিনি বিগত বছরে সামুদ্রিক মৎস্য দপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে পাঠ করে শুনান। সে আলোকে এ বছরের কার্যক্রম আরো বেশি জোড়দার করার বিষয়ে করণীয় নির্ধারণে মতামত ব্যক্ত করার জন্য তিনি সকলকে অনুরোধ করেন।

জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম সভাকে জানান যে, Protection and Conservation of Fish Act, 1950 (E.B. Act No.XVIII of 1950) এর অধীনে প্রণীত Protection and Conservation of Fish Rules, 1985 এর rule 13 মোতাবেক ইলিশের প্রধান প্রজনন মৌসুম হিসাবে ঘোষিত ২২ দিন চট্টগ্রাম মহানগরীসহ জেলাধীন সকল উপজেলায় ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় বন্ধ করার লক্ষ্যে চট্টগ্রাম জেলা টাস্কফোর্স কমিটি কর্তৃক পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। এ উপলক্ষে, মহানগরীর মাছ বাজার ও মাছঘাটগুলোসহ জেলার সকল মাছ বাজার ও মাছঘাটগুলোতে তদারকির জন্য সুনির্দিষ্ট টিম গঠন করে দায়িত্ব বন্টন করা হবে বলেও তিনি উল্লেখ করেন।

উপপরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর জানান যে, ইলিশ আমাদের জাতীয় সম্পদ। সরকার কর্তৃক ঘোষিত ইলিশের প্রধান প্রজনন মৌসুমে সমুদ্রগামী মৎস্য নৌযানগুলো যেন মাছ শিকারে যেতে না পারে তা নিশ্চিত করার দিকে সর্বোচ্চ গুরুত্ব আরোপ করতে হবে। ইলিশ সম্পদের ক্ষতি সাধনের পরে দোষী ব্যক্তিদেরকে আইনের আওতায় আনার চেয়ে আগে থেকেই যথাযথ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা গেলে তা অধিক ফলপ্রসু হবে বলে তিনি মত ব্যক্ত করেন।

আলোচনায় আরো অংশগ্রহণ করেন, অত্র দপ্তরের সহকারী পরিচালকগণ, সামুদ্রিক উৎপাদন কর্মকর্তা, পরিসংখ্যান কর্মকর্তা, ও সভায় উপস্থিত পরিদর্শকগণ। সরকার কর্তৃক গৃহীত কর্মসূচী সফল করতে বিগত বছরের ন্যায় এ বছরেও সামুদ্রিক মৎস্য দপ্তর কর্তৃক ব্যাপক প্রচার-প্রচারণা চালানো, অংশীজনদেরকে পত্র প্রেরণের মাধ্যমে তাদেরকে সতর্ক করা, কন্ট্রোল রুম চালু করা, সামুদ্রগামী মৎস্য নৌযানগুলোকে প্রতিরোধ করার জন্য মেরিন ফিশারিজ সার্ভেল্যান্স চেকপোস্টে সার্বক্ষণিক রোস্টার ডিউটি চালু করা, ও মহানগরীর গুরুত্বপূর্ণ মাছবাজার ও মাছঘাটগুলোতে টিম গঠন করে নজরদারি করা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে তাঁরা মতামত ব্যক্ত করেন। সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্পের উপপ্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের লজিস্টিকস ও জনবল দ্বারা সামুদ্রিক মৎস্য দপ্তর কর্তৃক গৃহীত কাযক্রম সফলভাবে বাস্তবায়নে তাঁর পক্ষ থেকে সর্বোচ্চ সহযোগীতা অব্যাহত থাকবে।

বিস্তারিত আলোচনান্তে, সামুদ্রিক মৎস্য দপ্তর কর্তৃক চট্টগ্রাম মহানগরী ও তৎসংলগ্ন নদী, মোহনা ও সমুদ্র এলাকায় বাস্তবায়নের জন্য নিম্নলিখিত বিষয় ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সভার গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১) | **অংশীজনদেরকে অবহিতকরণ**<br>সমুদ্রে মাছ আহরণ, পরিবহন, সংরক্ষণ ও বিপণনের সাথে জড়িত সকল অংশীজন, বিভিন্ন এসোসিয়েসনের নেতৃবৃন্দ, জেলে/মৎস্যজীবী সমিতি, বরফকল মালিক, আড়তদার, মাছঘাটের ইজারাদারসহ সকলকে অবহিত করা যেতে পারে। | সংশ্লিষ্ট সকলকে সরকার কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন মেনে চলা ও তার বাত্যয়ে অহেতুক আইনানুগ দন্ড এড়িয়ে চলার জন্য পত্র মারফত সতর্ক করতে হবে। উক্ত পত্রের অনুলিপি সামুদ্রিক ও উপকূলীয় জলসীমায় আইন প্রয়োগকারী সংস্থা হিসাবে নৌ বাহিনি ও কোস্ট গার্ড কে প্রদান করতে হবে। | জনাব গোলাম মুর্তুজা<br>পরিদর্শক |
| ২) | **প্রচার ও প্রচারণা সংক্রান্ত**<br>সমুদ্রগামী মৎস্য নৌযানসমূহ পরিচালনাকারী সকল পক্ষ, জেলে/মৎস্যজীবীসহ সর্বসাধারণের অবগতির জন্য মাছঘাট, মাছবাজার ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে মাছ আগামী ১৩ তারিখের পূর্বেই ব্যাপক প্রচার-প্রচারণা পরিচালনা করা যেতে পারে। | (ক) আগামী ১০ - ১২ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে চট্টগ্রাম মহানগরী ও তৎসংলগ্ন মাছঘাট, মাছবাজার, আড়ত, টার্মিনালসমূহ, ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে মাইকিং, লিফলেট বিতরণ, ও দৃশ্যমান স্থানে রোড ব্যানার/ ড্রপ-ডাউন টাঙানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) এছাড়া, মাছ আহরণ নিষিদ্ধকালীন সময়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে অংশীজনদের সাথে মতবিনিময় ও সচেতনাতামূলক সভার আয়োজন করতে হবে। | ১) জনাব শওকত কবির চৌধুরী সিনিয়র সহকারী পরিচালক;<br>২) জনাব মোঃ জহিরুল হক পরিসংখ্যান কর্মকর্তা;<br>৩) জনাব মোঃ মনজুর আলম পরিদর্শক;<br>৪) জনাব সৈয়দ হমায়ুন মোরশেদ পরিদর্শক। |

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সভার গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩) | **নৌযানের চলাচল সীমিতকরণ**<br>সাগরে অবস্থানকারী সকল মৎস্য আহরণকারী নৌযানসমূহ আগামী ১২ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে যেন হারবার/উপকূলে ফিরে আসে তা নিশ্চিত করতে হবে। মৎস্য আহরণ নিষিদ্ধকালীন সময়ের মধ্যে তারা যেন সেখান থেকে পুনরায় মৎস্য আহরণে যেতে না পারে সেজন্য তাদেরকে নজরদারীর মধ্যে রাখার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ জন্য মেরিন ফিশারিজ সার্ভেল্যান্স চেক পোস্টে ২২ দিনব্যাপী সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য রোস্টারে দায়িত্ব বন্টন করা যেতে পারে। | ক) হারবার/ঘাট/উপকুলে অবস্থানকারী সকল মৎস্য নৌযানের তালিক প্রণয়ন করতে হবে এবং নিয়মিত সেগুলোর গতিবিধির ওপর নজর রাখতে হবে।<br><br>খ) নৌযানগুলোর ওপর সার্বক্ষণিক নজরদারি চালু রাখতে কর্ণফুলী নদীর মোহনায় অবস্থিত সার্ভেল্যান্স চেকপোস্টে ২২ দিনব্যাপী ২৪ ঘন্টা দায়িত্ব পালনের জন্য সামুদ্রিক মৎস্য দপ্তর ও সার্ভেল্যান্স চেকপোস্টের সেপাই/ মেরিন গার্ডদের সমন্বয়ে ডিউটি রোস্টার তৈরী করতে হবে।<br><br>গ) সার্ভেল্যান্স দপ্তরে অবস্থিত 'জয়েন্ট মনিটরিং সেল' এর মাধ্যমে আওতাভুক্ত মৎস্য নৌযানগুলোকে মনিটরিং করতে হবে। | ১) জনাব মোঃ মশিউর রহমান সহকারী পরিচালক;<br>২) জনাব মোঃ ফারাজুল কবির সহকারী পরিচালক;<br>৩) জনাব মোঃ এরশাদ শেখ সামুদ্রিক উৎপাদন কর্মকর্তা;<br>৪) জনাব এয়াছিন মজুমদার পরিদর্শক |
| ৪) | **ট্রলারসমূহের আগমনী প্রতিবেদন একীভূতকরণ**<br>সমুদ্রে মাছ আহরণে নিয়োজিত ট্রলারসমূহের প্রত্যাবর্তন সংক্রান্ত প্রতিবেদন একীভূত করে সংরক্ষণ করা যেতে পারে। | সমুদ্রে মাছ আহরণে নিয়োজিত ট্রলারসমূহের আগামী ১২ তারিখের মধ্যে হারবার/ উপকূলে প্রত্যাবর্তন সংক্রান্তে পরিদর্শকগণের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন একীভূত করতে হবে। | ১) জনাব গোলাম মুর্তুজা পরিদর্শক;<br>২) জনাব দিলরুবা আক্তার চৌধুরী পরিদর্শক। |
| ৫) | **অভিযান পরিচালন**<br>মৎস্য আহরণ নিষিদ্ধকালীন সময়ে সমুদ্র এলাকায় মাছ আহরণ থেকে নৌযানগুলোকে বিরত রাখা, ইলিশ মাছ পরিবহন ও বাজারজাতকরণ বন্ধ রাখার লক্ষ্যে সমুদ্র এলাকায়, মাছঘাট, ও মাছবাজারে সময়ে সময়ে অভিযান পরিচালনার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | ক) অভিযান পরিচালনার জন্য সামুদ্রিক মৎস্য দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের সমন্বয়ে ৩ (তিন) টি টিম গঠন করতে হবে।<br><br>খ) পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর কে অবহিত রেখে গঠিত টিমগুলো অভিযান পরিচালনা করবে। প্রয়োজনে আইন প্রয়োগকারী সংস্থা, নৌবাহিনী, কোস্টগার্ডের সহযোগীতা গ্রহণ করবে। | ১) জনাব শওকত কবির চৌধুরী সিনিয়র সহকারী পরিচালক;<br>২) জনাব মোঃ ফারুক হোসাইন সাগর, সহকারী পরিচালক;<br>৩) জনাব মোঃ জাকির হোসেন পরিদর্শক। |
| ৬) | **কন্ট্রোল রুম স্থাপন**<br>ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ইলিশসহ সকল প্রকার মৎস্য আহরণ নিষিদ্ধকরণ কর্মসূচি জোড়দারকরণের লক্ষ্যে সামুদ্রিক মৎস্য দপ্তরে একটি কন্ট্রোল রুম স্থাপন করা যেতে পারে। | আগামী ১২ অক্টোবর ২০২৪ তারিখ হতে সামুদ্রিক মৎস্য দপ্তরে একটি কন্ট্রোল রুম খুলে তার সাথে যোগাযোগ স্থাপনের টেলিফোন নম্বর ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের মোবাইল নম্বরসহ প্রচারের ব্যবস্থা করতে হবে। | ১) জনাব মোঃ এরশাদ শেখ সামুদ্রিক উৎপাদন কর্মকর্তা;<br>২) জনাব মোঃ জামাল উদ্দিন খান প্রশাসনিক কর্মকর্তা;<br>৩) জনাব মোহাম্মদ দুলাল হোসেন অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক। |
| ৭) | **টাস্কফোর্স কমিটির সাথে সমন্বয় ও কর্মকর্তা/ কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণ**<br>কর্মসূচী চলাকালীন সময়ে সকল কর্মকর্তা/ কর্মচারী কর্মস্থল ত্যাগে বিধি-নিষেধ আরোপ করা যেতে পারে। প্রয়োজন মাফিক জেলা টাস্কফোর্স কমিটির সাথে সমন্বয় করে অভিযান পরিচালনা করা যেতে পারে। | ক) ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত চট্টগ্রাম 'জেলা টাস্কফোর্স কমিটি'র পক্ষ থেকে গৃহীত কর্মসূচীর সাথে সমন্বয় করে চট্টগ্রাম মহানগরী ও তৎসংলগ্ন সমুদ্র এলাকায় সামুদ্রিক মৎস্য দপ্তর তার নিজস্ব কর্মসূচী বাস্তবায়ন করবে।<br><br>খ) কর্মসূচী চলাকালীন সময়ে সামুদ্রিক মৎস্য দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ১) জনাব মোঃ ফারুকুল ইসলাম উপপরিচালক;<br>২) জনাব মোঃ মশিউর রহমান সহকারী পরিচালক। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ অভিযানের সাফল্য কামনা করে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

৯/১০/২০২৪

(মোঃ আবদুস ছাত্তার)
পরিচালক (সামুদ্রিক)
ই-মেইল: directormarine@fisheries.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামুদ্রিক মৎস্য দপ্তর
সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.marine.fisheries.gov.bd

নং ৩৩.০২.১০০০.২০২.২২.০০১.১৪.৭৮৮

তারিখ: ২২ আশ্বিন ১৪৩১
০৭ অক্টোবর ২০২৪

জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২) উপপরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৩) কমান্ডার, বিএন ফ্লিট, নিউমুরিং, চট্টগ্রাম।
৪) জোনাল কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড, পূর্ব জোন, ফিশ হারবার, চট্টগ্রাম।
৫) উপপ্রধান, সামুদ্রিক শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৬) জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম।
৭) সিনিয়র সহকারী পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮) সহকারী পরিচালক-১/সহকারী পরিচালক-২, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৯) সামুদ্রিক উৎপাদন কর্মকর্তা/পরিসংখ্যান কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১০) জনাব .......................... পরিদর্শক (সকল) সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ/সার্ভেল্যান্স চেকপোস্ট, পতেঙ্গা, চট্টগ্রাম।
১১) উপপ্রকল্প পরিচালক, সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্প, ফিল্ড অফিস, পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম।
১২) সংশ্লিষ্ট নথি।

Rahman 07/10/2024

(মোঃ মশিউর রহমান)
সহকারী পরিচালক
সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
ই-মেইল: moshiurdof425@gmail.com

ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম ২০২৪ বাস্তবায়নে সামুদ্রিক মৎস্য দপ্তরের করনীয় নির্ধারন সংক্রান্ত

# সভার হাজিরা

সভার স্থান : পরিচালক (সামুদ্রিক) এর অফিস কক্ষ।

তারিখ : ০৭/১০/২০২৪খ্রি. সময় : বিকাল ৩.০০ ঘটিকা

| ক্র.ম | নাম ও পদবী | ঠিকানা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোহাম্মদ ফারুকুল ইসলাম উপপরিচালক | সামুদ্রিক মৎস্য দপ্তর | 01712209482 | |
| ২ | আবুল কাশেম চৌধুরী সিনিয়র সহকারী পরিচালক | ঐ | 01815842650 | |
| ৩ | মো: মফিজুর রহমান সহকারী পরিচালক | সামুদ্রিক মৎস্য দপ্তর আগ্রাবাদ, চট্টগ্রাম | 01713231186 | |
| ৪ | মো: মবারক হোসাইন সাগর সহকারী পরিচালক | ঐ | 01714904527 | |
| ৫ | মো: এরশাদ শেখ সামুদ্রিক উৎপাদন কর্মকর্তা | ঐ | 01916142202 | |
| ৬ | মো: জহিরুল হক পরিসংখ্যান কর্মকর্তা | ঐ | 01711163506 | |
| ৭ | গোলাম মুর্তজা পরিদর্শক | সামুদ্র, চট্টগ্রাম | 0170839901 | |
| ৮ | সৈয়দ হুমায়ুন মোরশেদ পরিদর্শক | ঐ | 01812383070 | |
| ৯ | মো: ওয়াহিদুল মিঞা কারিগরী কর্মকর্তা | ঐ | 01712-859257 | |
| ১০ | মোহাম্মদ আশরাফুল ইসলাম ভূঞা পরিদর্শক | ঐ | 01725-043192 | |

| ক্র.ম | নাম ও পদবী | ঠিকানা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ১১ | মোঃ মনজুর আলম<br>পরিদর্শক | MFO, Agrabad<br>Ctg. | 0715 216500 | |
| ১২ | আবদুল কুদ্দুস<br>পরিঃ দর্শক | MFO. Agrabad | 01819 830718 | |
| ১৩ | দিলরুবা আক্তার চৌধুরী<br>পরিদর্শক | [illegible] দপ্তর<br>আগ্রাবাদ, চট্টগ্রাম | 01824944761 | |
| ১৪ | মোঃ আনোয়ার হোসেন<br>পরিদর্শক | [illegible] | 01718928245 | |
| ১৫ | শাহ মোঃ হাবিবুল্লাহ<br>পরিদর্শক | মৎস্য আগ্রাবাদ চট্টগ্রাম | 01715-703027 | |
| ১৬ | জামাল উদ্দিন মনন<br>প্রশাসনিক কর্মকর্তা | সামুদ্রিক মৎস্য দপ্তর,<br>আগ্রাবাদ, চট্টগ্রাম | 01728531595 | |
| ১৭ | শ্যামল চন্দ্র চন্দ<br>জেলা মৎস্য কর্মকর্তা | জেলা মৎস্য দপ্তর<br>চট্টগ্রাম | 01769 459 371 | |
| ১৮ | মোঃ মিজানুর রহমান<br>DPD, SCMFP. Ctg | DPD office<br>পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম | 01717056964 | |
| ১৯ | | | | |
| ২০ | | | | |